## স্নাতক পাঠক্রম ( B.D.P.)

**শিক্ষাবর্ষান্ত পরীক্ষা** ( Term End Examination ) :

**ডিসেম্বর, ২০১৪ ও জুন, ২০১৫**

# বাংলা ( Bengali )

*ঐচ্ছিক পাঠক্রম ( Elective )*

**পঞ্চম পত্র** ( 5th Paper : **Probondho Ebong Romyarachona** )

**সময় ঃ চার ঘণ্টা** **পূর্ণমান ঃ ১০০**

( মানের গুরুত্ব ঃ ৭০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

### বিভাগ – ক

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) 'ভারতবর্ষের স্বাধীনতা এবং পরাধীনতা' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের স্বাদেশিকতাবোধের পরিচয় দিন।

(খ) রবীন্দ্রনাথের রাজনৈতিক প্রবন্ধাবলীর পরিচয় সংক্ষিপ্তাকারে উল্লেখ করে 'কালান্তর' প্রবন্ধটির মধ্যে উপস্থাপিত মর্মবস্তুর বিশ্লেষণাত্মক পরিচয় দিন।



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



(গ) 'সভ্যতার সংকট' প্রবন্ধটিতে প্রাবন্ধিক ও কবির যে সত্তাগত যুগলবন্দি পরিস্ফুট হয় তা সম্পর্কে লিখুন।

(ঘ) আপনার পঠিত 'নিয়মের রাজত্ব' প্রবন্ধটির দুটি অংশের ভাববস্তু সম্পর্কে লিখুন। এই দুটি অংশের তুলনামূলক পরিচয় সংক্ষেপে লিখুন।

### বিভাগ – খ

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) কালীপ্রসন্ন সিংহের ভিতরে যে সমাজসংস্কারক মন, হাস্যরসিক প্রাণ ও চিন্তাশীল মনন ছিল — তার পরিচয় পাঠ্য নিবন্ধ অনুযায়ী লিখুন।

(খ) 'বাজে কথা' প্রবন্ধের মূল তাৎপর্য ব্যাখ্যা করে রবীন্দ্রনাথের অভিনব দৃষ্টিভঙ্গি ও কাব্যানুভূতির বৈশিষ্ট্য আলোচনা করুন।

(গ) সৈয়দ মুজতবা আলীর 'বই কেনা' রচনাটির মধ্যে প্রাবন্ধিকের গদ্যশৈলীর ও জ্ঞানঋদ্ধ মানসের যে পরিচয় পাওয়া যায় তার পরিচয় দিন।

(ঘ) 'শূদ্র জাগরণ' প্রবন্ধটির মর্মবস্তু সম্পর্কে আলোচনা করুন।

(ঙ) 'পতঙ্গ' রচনাটিতে বঙ্কিমচন্দ্র মানবচরিত্রের যে রহস্য উন্মোচন করেছেন তা নিজের ভাষায় লিখুন।

(চ) 'সংস্কৃতির রূপান্তর' সম্পর্কে প্রাবন্ধিক অন্নদাশঙ্করের বক্তব্য কী ? আপনার পঠিত প্রবন্ধের নিরিখে আলোচনা করুন।

## বিভাগ – গ

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) অন্নদাশঙ্কর রায় 'সাঙ্গীকরণ' কথাটির কেমন ব্যাখ্যা করেছেন ?

(খ) রূপবহ্নি ধনবহ্নিতে নিত্য নিত্য সহস্র পতঙ্গ পুড়িয়া মরিতেছে — আমার স্বচক্ষে দেখিতেছি। — আলোচনা করুন।

(গ) 'বই কেনা' রচনাটিতে সৈয়দ মুজতবা আলী যে ওমর খৈয়ামের পঙ্‌ক্তিগুলি উদ্ধার করেছেন তার মূল অর্থ কী ? এর প্রাসঙ্গিকতা কোথায় ?

(ঘ) একজন 'পাশ' করা ছাত্র ও 'শিক্ষিত' হওয়ার মধ্যে পার্থক্য কোথায় ?

(ঙ) কেন ব্রিটিশ শাসনব্যবস্থায় ভারতবাসী 'জড়' হয়ে পড়েছে ?

(চ) যন্ত্র চালনার শিক্ষা জাপানে কী ফল ফলিয়েছিল ? এ বিষয়ে শাসিত ভারতবর্ষের সঙ্গে তুলনা করুন।





(ছ) ভারতবর্ষীয় এবং পাশ্চাত্য আলংকারিকেরা কাব্যকে কী কী শ্রেণিতে বিভক্ত করেছেন বলে বঙ্কিমচন্দ্র উল্লেখ করেছেন ?

(জ) বররুচি কে ? তিনি কাদের, কেন 'অরসিক' বলেছেন ?